

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

সিরাজগঞ্জে এক হিন্দু ছাত্রকে অপহরণের পর খবনা করিয়ে দিয়েছে তারই দুই বন্ধু

খবনাকারী ডাক্তারসহ গ্রেপ্তার ৩

বেলাল উদ্দিন, সিরাজগঞ্জ থেকে : অপহরণ করে নিয়ে গিয়ে স্থানীয় একটি হিন্দু পরিবারের ছেলে ৯ম শ্রেণীর ছাত্র রিপন কুমার সীপের খবনা করিয়ে দেওয়ার অভিযোগে গতকাল সোমবার হাটুরে ডাক্তার ছালামকে পুলিশ গ্রেপ্তার করেছে। পুলিশ অবশ্য গত ৮ দিনেও নিবোজা রিপনকে উদ্ধার করতে পারেনি।

পুলিশ ও রিপনের পরিবার সূত্রে জানা গেছে, গত ৩১ মার্চ রিপনের দুই বন্ধু সদর উপজেলার বায়াকান্দি গ্রাম থেকে তাকে অপহরণ করে শহরে নিয়ে আসে। তার ঐ ২ বন্ধুর নাম মকবুল ও জাহিদুল। এরপর রিপনকে শহরের ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৭

সিরাজগঞ্জে এক হিন্দু ছাত্রকে

● প্রথম পাতার পর

জুবলীরোডে হাটুরে ডাক্তার আ. ছালামের কাছে নিয়ে গিয়ে তার খবনা করানো হয়। এরপর থেকে রিপনসহ মকবুল, জাহিদ ও নিবোজা রয়েছেন।

এ ব্যাপারে রিপনের পিতা ডা. নবী গোপাল শীল ১ এম্বিল সিরাজগঞ্জ সদর থানায় মামলা দায়ের করেন। পুলিশ মকবুলের পিতা হুদান আলী, তার ভাই আলতাককে গ্রেপ্তার করে।

এ ঘটনা স্থানীয় হিন্দু সম্প্রদায়ের মধ্যে দারুণ ক্ষোভের সৃষ্টি করেছে। রিপনের পরিবার চরম নিরাপত্তাহীনতায় ভুগছে।

জেলা প্রশাসক ইব্রাহিম আলী, পুলিশ সুপার আনোয়ার হোসেন পুলিশকে মামলার প্রধান আসামিকে গ্রেপ্তারের নির্দেশ দিয়েছেন। পুলিশ মকবুল, জাহিদ ও রিপনকে বুঝে না পেয়ে গতকাল সোমবার খবনাকারী হাটুরে চিকিৎসক ছালামকে গ্রেপ্তার করেছে।